ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩১৭৩</u>

আগরতলা,১০ অক্টোবর,২০২৫

## **প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ০৫ অক্টোবর, ২০২৫ তারিখে 'প্রতিবাদী কলম' পত্রিকায় 'রেশনশপগুলিতে ফ্রি চিনি, ময়দা, সুজি এখনো পৌঁছায়নি' শিরোনামে প্রকাশিত সংবাদটি খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে সংবাদ প্রতিবেদনটি বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়েছে এবং এই সম্পর্কে কিছু তথ্যভিত্তিক স্পষ্টিকরণ জনসাধারণের মধ্যে বিভ্রান্তি দূর করার জন্য প্রয়োজন বলে মনে করা হচ্ছে, যা বিস্তারিতভাবে নিম্নে দেওয়া হল।

বিগত বছরের ন্যায় এবছরও রাজ্য সরকারের সিদ্ধান্তক্রমে শারদোৎসব উপলক্ষ্যে রাজ্যের ৯ লক্ষ ৯০ হাজার পরিবারের মধ্যে গণবণ্টনের মাধ্যমে বিনামূল্যে কার্ড প্রতি ২ কেজি ময়দা, ৫০০ গ্রাম সুজি ও ১ কেজি করে চিনি বিতরণ করা হচ্ছে। এবছর এই কার্যক্রমের অধীনে বিনামূল্যে বিতরণের জন্য মোট ১,৯৮২ মেট্রিক টন ময়দা, ৪৯৬ মেট্রিক টন সুজি, এবং ৯৯০ মেট্রিক টন চিনি প্রয়োজন হবে এবং এজন্য রাজ্য সরকারের কোষাগার থেকে ৭ কোটি টাকা ব্যয় হবে। এখানে উল্লেখ্য যে, রাজ্য সরকার এবিষয়ে প্রয়োজনীয় অনুমোদন ২৬ সেপ্টেম্বর, ২০২৫ ইং তারিখে প্রদান করে এবং দপ্তরের তরফে তৎপরতার সঙ্গে উক্ত তারিখ থেকেই রাজ্যের ২,০৭২টি রেশনশপে দপ্তরের পক্ষ থেকে ময়দা, সুজি ও চিনি পৌঁছানো শুরু করা হয় এবং দুর্গাপূজা উপলক্ষ্যে সরকারি ছুটির দিনগুলিতেও দপ্তর নিরলসভাবে কাজ করে উক্ত রেশন সামগ্রীগুলি রেশন দোকানে পৌঁছে দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। তবে কোনো কোনো মহকুমার সকল রেশন দোকানে দুর্গাপূজা চলাকালীন সময়ের মধ্যে উক্ত রেশন সামগ্রীগুলি পৌঁছানো সম্ভব না হলেও লক্ষ্মীপুজোর আগে তা প্রতিটি রেশনশপে পৌঁছে দেওয়া হয়েছে।

*****